

সেই মেয়েটি

তারপর, তুমি তোমার ভাইদের ঠিক করে দেয়া স্থানের উদ্দেশে

ভুতুড়ে কুমাশা আছন্ন রাস্তা দিয়ে গাড়ী চালিয়ে এসেছ।

প্রথমে তুমি ধীর গতিতে গাড়ি চালাচ্ছিলে

পাছে মেয়েটি না মনে করে তুমি মনের খুশিতে

মেয়েটিকে ছেড়ে পালিয়ে যাচ্ছ।

তুমি সাহস করে মাথা তুলে তার পানে তাকাবার সাহস করনি

ধীরে তাদের বাড়ি গাছ পালা সরে সরে যাচ্ছিল

তুমি আড় চোখে রিমারভিউ মিরর এ দেখছিলে

তুমি আরামের বাতাস নিলে টেনে

যখন সবকিছু চলে গেল দৃষ্টির বাহিরে।

ধূসর চোখ দুটি সূর্যাস্তের অথবা বৃষ্টির চেয়েও করুণ হয়

প্রিয়া-হৃদয় কেঁদে কেঁদে হয় সারা

শক্ত বিশ্বাস আরও শক্ত হয় মিছে প্রতিক্ষায়

বেললাইনের পাশে সে অপেক্ষায় থাকবে যোগ যোগ ধরে

শুধুই তোমার জন্য।

আহ! পৃথিবী সততই নতুন এবং বৃহৎ শুধুই তোমার জন্য

পৃথিবী স্বাসরুদ্ধকর হয়ে আসছে তোমার প্রিয়ার জন্য

সে কোনভাবেই ঘরে ফিরে যায় না

একটু ক্লান্তি উপশম হয় তার যখন একটু বৃষ্টিতে পাহাড়ের পাদদেশ ভিজে আসে
এবং সে চলে আসে রেল লাইনের সেই প্রান্তে শুধুই স্বপ্নিল সময়কে গড়ে নিজ মনে
তোমার সাথে তার দিনগুলির সেই মধুর স্মৃতি রোমন্বনে।

তুমি একবার ভাব কোথায় পাওয়া যাবে পুরানো জং ধরা বেড়া, শুকিয়ে যাওয়া নদী
থাল,

সুন্দর স্বচ্ছ পানি, সবুজ কাটাঘন

এবং কোথায় মেয়েদের কবোটিতে শুধুই লিলি আর গোলাপ

এবং মাঝ গ্রীষ্মের সবুজ ঘাস?

তুমি কি মনে কর, এখন এবং তখন, এখন অথবা তখন

শহরে কর্ম ব্যস্ততায় এবং লন্ডনের নতুনতায়

তুমি খুঁজে পাবে সেই করুন মুখশ্রীর রেললাইনের পাশে দাড়িয়ে থাকা মেয়েটিকে?

সেই সূর্যাস্তের অথবা বৃষ্টির চেয়েও অধিকতর করুন ধূসর চোখ দুটি

সেই ভেংগে যাওয়া প্রিয়া-হৃদয় আরো সত্য হয়ে প্রতিভাত হয়

বুথাই সরল বিশ্বাস দৃঢ়তর হয় -

সে তোমার অপেক্ষায় দাঁড়িয়ে সেই রেল লাইনের পাশে।

Dr Khairul Chowdhury's translation of Henry Lawson's "The Bush Girl"

